গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.১৫.০০৭.২০-

তারিখ- / /১৪৩০ বঃ
/ /২০২৪ খ্রিঃ

## "অফিস আদেশ"

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুষ্ঠান শাখার ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর আলোকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালে ৭ই মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে উদ্‌যাপনের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

| ক্রম: | তারিখ ও স্থান | কর্মসূচির শিরোনাম | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | ৭ মার্চ ২০২৪ (সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত) | জাতীয় পতাকা উত্তোলন | অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর, ফায়ার স্টেশন ভবন-এ জাতীয় ও বিভাগীয় পতাকা উত্তোলন; | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণপূর্বক ফ্ল্যাগ রুলস অনুসারে-<br>▪ উপপরিচালক (সংশ্লিষ্ট সকল)<br>▪ অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স<br>▪ এডি/ ডিএডি (সংশ্লিষ্ট সকল)<br>▪ এসও/এসএসও (সংশ্লিষ্ট সকল) |
| ২. | ৭ মার্চ ২০২৪ সুরক্ষা সেবা বিভাগের নির্ধারিত সময় অনুযায়ী | শ্রদ্ধার্ঘ নিবেদন | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা কেন্দ্রীয় কারাগারে সুরক্ষা সেবা বিভাগ এর কর্মকর্তাগণের সাথে জাতির পিতার প্রতিকৃতিতে (সুরক্ষা সেবা বিভাগ নির্ধারিত) পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধার্ঘ নিবেদন; | • মহাপরিচালক<br>• পরিচালক.....সকল<br>• উপপরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা |
| ৩. | ৭ মার্চ ২০২৪ (এসএসএফ নির্ধারিত সময়) | অগ্নিনিরাপত্তা ইউনিট মোতায়েন | 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের স্থল/স্থান ও ওসমানী স্মৃতি মিলনায়তনসহ দেশব্যাপি আয়োজিতব্য অনুষ্ঠানস্থলে আইন শৃঙ্খলা বাহিনীর চাহিদার প্রেক্ষিতে অগ্নিনির্বাপণী ও উদ্ধার ইউনিট মোতায়েন; | • উপপরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা<br>• উপপরিচালক (সংশ্লিষ্ট সকল)<br>• এডি/ ডিএডি (সংশ্লিষ্ট সকল)<br>• এসও/এসএসও (সংশ্লিষ্ট সকল) |
| ৪. | ৭ মার্চ ২০২৪ (সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত) | ৭ই মার্চের ব্যানার টাঙানো | অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর, ফায়ার স্টেশন ভবন-এ ৭ই মার্চের ব্যানার টাঙানো;<br>(ব্যানারের নমুনা উপপরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা হতে সংগ্রহ করতে হবে) | • উপপরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা<br>• উপপরিচালক (সংশ্লিষ্ট সকল)<br>• এডি/ ডিএডি (সংশ্লিষ্ট সকল)<br>• এসও/এসএসও (সংশ্লিষ্ট সকল) |
| ৫. | ৬ মার্চ ২০২৪ সূর্যাস্ত হতে ০৮ মার্চ ২০২৪ সূর্যোদয় পর্যন্ত | আলোকসজ্জা | অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর, স্টেশন ভবন আলোকসজ্জিতকরণ | • উপপরিচালক, ঢাকা<br>• অধ্যক্ষ ট্রেনিং কমপ্লেক্স<br>• সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়/স্টেশন প্রধান |
| ৬. | ৬ মার্চ ২০২৪ সূর্যাস্ত হতে ০৮ মার্চ ২০২৪ সূর্যোদয় পর্যন্ত | ৭ই মার্চের ভাষণ সম্পর্কিত ছবি, প্রামাণ্য চিত্র প্রদর্শন | অধিদপ্তরের দাপ্তরিক ওয়েবসাইট ও দাপ্তরিক ফেসবুক পেজে ৭ ই মার্চের ভাষণ সম্পর্কিত প্রামাণ্য চিত্র আপলোডকরণ ও প্রদর্শন; | • ভারপ্রাপ্ত কর্মকর্তা মিডিয়া সেল/আইসিটি সেল |

চলমান......

০২। এমতাবস্থায়, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে উদ্‌যাপনের নিমিত্ত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মসূচি বাস্তবায়ন এবং একই সময়ে এ সংক্রান্ত যে-কোনো জাতীয় বা স্থানীয় কর্মসূচি থাকলে সে কর্মসূচি অগ্রাধিকার প্রদান করত তা সমন্বয় করার জন্য নির্দেশনা প্রদান হলো।

স্বাক্ষরিত/-
ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ মাইন উদ্দিন, বিএসপি (বার), এনডিসি, পিএসসি, জি, এম ফিল
মহাপরিচালক

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.১৫.০০৭.২০- 2862

তারিখ- 22/11/১৪৩০ বঃ
06/03/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে):

১। অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। পরিচালক (অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। উপপরিচালক (অপাঃ ও মেইনঃ/উন্নয়ন/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, অধিদপ্তর, ঢাকা।
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা কোষ/প্রশিক্ষণ/উন্নয়ন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৬। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ----------------(সকল)।
৮। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ------------(সকল)।

(৬–৮: কর্মসূচিটি মাঠপর্যায়ে প্রেরণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।)

৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (কপিটি দাপ্তরিক ওয়েবসাইটে আপলোড এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
১০। অত্র অধিদপ্তরের প্রশাসন/রেশন/বৈদেশিক ক্রয়/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন/হিসাব/রেকর্ড/অ্যাম্বুলেন্স/অপারেশন/তদন্ত/কেন্দ্রীয় ক্রয় ও স্টোর/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ছুটি/বাসা বরাদ্দ/পত্র গ্রহণ ও বিতরণ/বেতার শাখা/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/কল্যাণ ট্রাস্ট/প্রশিক্ষণ সেল/ফায়ার সেফটি সেল/এইচ আর এম ডাটা/আইসিটি সেল/মিডিয়া সেল/লিগ্যাল এন্ড এস্টেট সেল/গার্ড ফাইল/মাস্টার গার্ড ফাইল।

06/03/2024

মোহাম্মদ মোজাম্মেল হক
পরিচালক (প্রশাসন ও অর্থ)